



জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল আজ

প্রকাশিত: ২৪ - ডিসেম্বর, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ পঞ্চম শ্রেণীর প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী এবং অষ্টম শ্রেণীর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার ফল প্রকাশ হচ্ছে আজ। সকাল ১০টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলের কপি হস্তান্তর করা হবে। এর পর শিক্ষামন্ত্রী দুপুর ১২টায় জেএসসি ও জেডিসি এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী বেলা ১টায় পৃথক সংবাদ সম্মেলন করে এই দুই পরীক্ষার ফল প্রকাশ করবেন। ফল প্রকাশের পাশাপাশি প্রধানমন্ত্রী বই উৎসবেরও আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। এরপর ১ জানুয়ারি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও শিক্ষা সচিব সোহরাব হোসাইন সারাদেশে একযোগে বই উৎসবের উদ্বোধন করবেন। মন্ত্রী যদি উৎসবের দিন অংশ নিতে না পারেন সেক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব বই উৎসবের উদ্বোধন করবেন বলে জানা গেছে।

এছাড়া www.educationboard.gov.bd ওয়েবসাইটে রেজাল্ট কর্নারে ক্লিক করেও শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন এন্ট্রি করে ফল ডাউনলোড করা যাবে।

এছাড়া প্রাথমিক শিক্ষা অধিদফতরের ওয়েবসাইট www.dpe.gov.bd এবং dperesult.teletalk.com.bd ওয়েবসাইট থেকেও ফল জানা যাবে। ব্রাউজারে এড্রেস বারে লিখুন www.dperesult.teletalk.com.bd। ওয়েবসাইটের মাঝে Passing year এর সামনে পরীক্ষার বছর সিলেক্ট করুন। এরপর বাঁফবহঃ ওউ এর সামনে পরীক্ষার্থীর রোল নম্বর লিখুন। লেখা সঠিক কিনা দেখে নিচের ডানে সাবমিট বাটন প্রেস করুন। এরপরই রেজাল্ট ভেসে উঠবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com

